

আখলাকে হাসানা

২ • আখলাকে হাসানা

নারী সিরিজ-১

আখলাকে হাসানা

মূল

ড. হাসসান শামসি পাশা

অনুবাদ

সাদিক ফারহান

মৎকতবৎতুল শমৎন

৪ • আখলাকে হাসানা

আখলাকে হাসানা

প্রথম সংস্করণ: সেপ্টেম্বর ২০২৩

গ্রন্থস্বত্ব: প্রকাশক

প্রকাশনার

মাক্তাবাতুল হাসানা

দোকান নং : ৩৩-৩৪, ইসলামী টাওয়ার (আজারহাউজ), বাংলাবাজার, ঢাকা

☎ ০১৭৮৭০০৭০৩০

বালানসম্বর : হাসানউদ আহমাদ

প্রচ্ছদ ও সজ্জা : মো. আখতারুলকামান

অনলাইন পরিবেশক :

rokomari.com - wafilife.com - বইকেন্দ্রী.কম - নিউ লেখা প্রকাশনী (কোলকাতা)

ISBN : 978-984-97319-6-2

Web : maktabatulhasan.com

E-mail : info.maktabatulhasan@gmail.com

fb/Maktabahasan

মুদ্রিত মূল্য : ১০০/- টাকা মাত্র

Akhlake Hasana

By Dr. Hassan Chamsi Pasha

Published by : Maktabatul Hasan, Bangladesh

©

সর্বস্বত্ব সংরক্ষিত; প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত বেকোনো মাধ্যমে বইটির আংশিক বা সম্পূর্ণ প্রকাশ একেবারেই নিবিজ্ঞ।

সূচিপত্র

	বিষয়	পৃষ্ঠা
	কেমন হবে মুসলিম নারীর চরিত্র	৭
	সচ্চরিত্রের গুরুত্ব ও ফজিলত	৮
	কথা কম বলা	১১
	অন্যের দোষচর্চা থেকে বেঁচে থাকা	১২
	অনর্থক কথা না বলা	১৩
	সদা সত্য বলা	১৪
	আমল হওয়া চাই একমাত্র আত্মাহর জন্য	১৮
	অঙ্গীকার পূরণে সচেষ্ট থাকা	২১
	মুনাফেকের নিদর্শন তিনটি	২১
	বিনয়ী হওয়া	২৩
	উপদেশ গ্রহণের অভ্যাস গড়ে তোলা	২৫
	নারীর সর্বোৎকৃষ্ট ভূষণ লজ্জা	২৬
	সং বাঙ্গবীদের ভালোবাসা	২৮
	মুসলিম বোনের ভুল ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখা	৩০
	বিপদাপদে ধৈর্যধারণ	৩২
	দানশীলা হওয়া	৩৪

৬ • আখলাকে হাসানা

	বিষয়	পৃষ্ঠা
	সর্বদা হাস্যোজ্জ্বল থাকা	৩৫
	পিতামাতার সঙ্গে সদাচরণ	৩৯
	পিতামাতা ও সন্তানের মাঝে মনোমালিন্যের কারণ	৩৯
	পিতামাতার সঙ্গে কথা বলার পদ্ধতি	৪৩
	পিতামাতার আত্মতাজন হবেন যেভাবে	৪৮
	মায়ের বন্ধু হয়ে যান	৪৮
	ছেলেমেয়ের মারো বৈষম্য	৪৯
	নারীশিক্ষার গুরুত্ব	৫৩
	আপনার ভবিষ্যৎ আপনাকেই গড়তে হবে	৫৩
	জানার আরও অনেক বাকি	৫৫
	সুশৃঙ্খল জীবনের জন্য প্রয়োজন নিয়মানুবর্তিতা	৫৬
	আপনি যখন দায়ি	৫৭
	নিজেকে গড়ুন সবার আগে	৫৯
	কী হবে আপনার জীবনের লক্ষ্য	৫৯
	আপনি হবেন অনন্য এক মুসলিম নারী	৬১
	জীবন গড়ার কারিগর	৬৩
	আল্লাহর পথে আহ্লানের পদ্ধতি	৬৪

কেমন হবে মুসলিম নারীর চরিত্র

আল্লাহ তাআলা পবিত্র কুরআনে বলেন,

﴿يَوْمَ لَا يَنْفَعُ مَالٌ وَلَا بَنُونَ ۚ إِلَّا مَنْ أَتَى اللَّهَ بِقَلْبٍ سَلِيمٍ﴾

যেদিন কোনো অর্থসম্পদ কাজে আসবে না এবং সন্তানসন্ততিও না। তবে যে ব্যক্তি আল্লাহর কাছে উপস্থিত হবে সুস্থ মন নিয়ে (সে মুক্তি পাবে)। [সূরা শুআরা : ৮৮-৮৯]

বহুত সুস্থ মনের বহিঃপ্রকাশই উত্তম চরিত্র। এই উত্তম চরিত্রই মানবচরিত্রের প্রতিটি বাঁকে ঈমানি আভা বিকিরণ করে। ফলে মানুষের চরিত্র হয়ে ওঠে শরিয়তনির্ভর ও যাবতীয় সৌন্দর্যের প্রতিভূ।

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শুভাগমন হয়েছে উত্তম চরিত্রের পরিপূর্ণতা প্রদানের জন্য। তিনি উত্তম চরিত্রের যে বাস্তব দৃষ্টান্ত দাঁড় করিয়ে দেখিয়েছেন, তার সংস্পর্শ থেকে মানবজাতি আজ অনেক দূরে। উত্তম চরিত্রের গুরুত্বপূর্ণ অধ্যায়টি ভালো করে রপ্ত করতে না পারলে আমাদের মুক্তি ও শান্তির আশা একেবারেই ক্ষীণ। উন্নত জাতি হিসাবে মাথা উঁচু করে দাঁড়াতে হলে আমাদের আবারও সমবেত হতে হবে উত্তম চরিত্রের নিবিড় ছায়াতলে।

আখলাক বা চরিত্র দুই প্রকার। যেমন,

১. আখলাকে হাসানা বা সচ্চরিত্র
২. আখলাকে সাইরিআহ বা মন্দ চরিত্র

৮ • আখলাকে হাসানা

শরিয়ত যে-সমস্ত স্বভাব-কর্মের জন্য মানুষকে প্রশংসিত ও উৎসাহিত করেছে তাকেই সচ্চরিত্র বলে। আর যে-সমস্ত স্বভাব-কর্মের জন্য নিন্দিত ও তিরস্কৃত করেছে তাকে বলে মন্দ চরিত্র।

সচ্চরিত্রের গুরুত্ব ও ফজিলত

সচ্চরিত্রের প্রতি শরিয়ত যথেষ্ট গুরুত্বারোপ করেছে। ইনজেকশনের মাধ্যমে ওষুধ প্রয়োগ করলে যেমন তা সহজেই শরীরের রক্তে রক্তে পৌঁছে যায়, তেমনই সচ্চরিত্র নামের সজীব বৃক্ষটির কোমল পরশে মানবজীবনের প্রতিটি ক্ষেত্র হয়ে ওঠে সুন্দর ও সুশৃঙ্খল। তাই উভয় জগতে সফলতা লাভের মানদণ্ড নিরূপণ করা হয়েছে সচ্চরিত্রকে। সচ্চরিত্রবান ব্যক্তিকে সর্বোত্তম মানুষ হিসাবে আখ্যা দেওয়া হয়েছে।

আবদুল্লাহ ইবনে আমর রা. বলেন, নবী কারিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অশীলভাবী ও অসদাচরণের অধিকারী ছিলেন না। তিনি বলতেন,

إِنَّ مِنْ خَيْرِكُمْ أَحْسَنَكُمْ أَخْلَاقًا.

তোমাদের মধ্যে সে ব্যক্তিই সর্বোত্তম যে নৈতিকতায় সর্বোত্তম।^(১)

আবু দারদা রা. থেকে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

مَا شَيْءٌ أَثْقَلُ فِي مِيزَانِ الْمُؤْمِنِ يَوْمَ الْقِيَامَةِ مِنْ خُلُقِي حَسَنٍ.

কেয়ামতদিবসে মুমিনের দাঁড়িপাল্লায় সচ্চরিত্র ও সদাচারের চেয়ে বেশি ওজনের আর কোনো জিনিস হবে না।^(২)

^১ সহিহ বুখারি, ৩৫৫৯

^২ সুনায়েত তিরমিযি, ২০০৩